

**B.A. 1st Semester (Honours) Examination, 2022 (CBCS)**

**বিষয় : বাংলা (সাম্মানিক)**

**Course : CC-I**

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রঙ্গমানের নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও :

২×১০=২০

- (ক) চর্যাপদের ঢীকা কে, কী নামে রচনা করেন?
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে উল্লিখিত যে-কোনো দুটি অপ্রধান চরিত্রের নাম লেখো।
- (গ) 'শ্রীকৃষ্ণবিজয়'-এর কালজ্ঞাপক শ্লোকটি কী?
- (ঘ) কৃত্তিবাসী রামায়ণের কাণ্ডগুলির নাম পর্যায়ক্রমে লেখো।
- (ঙ) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটি ক-টি লীলায় বিভক্ত? লীলাগুলির নাম লেখো।
- (চ) 'গৌরচন্দ্রিকা' কাকে বলে?
- (ছ) মহাভারতের প্রথম অনুবাদক কে? তাঁর অনুবাদ কী নামে পরিচিত?
- (জ) বৃন্দাবনের ষড়গোস্থামীর নাম লেখো।
- (ঝ) মঙ্গলকাব্য কাকে বলে?
- (ঞ) বাউল সাধক লালন ফকিরের গানগুলি কে, কবে সম্পাদনা করে প্রকাশ করেন?
- (ট) জ্ঞানদাস কোন শতকের কবি? তিনি কার ভাবশিষ্য ছিলেন?
- (ঠ) 'অন্নদামঙ্গল' কাব্যটি ক-টি ভাগে বিভক্ত? ভাগগুলির নাম লেখো।
- (ড) ঘনরাম চক্রবর্তীর কাব্যের নাম কী? ওই কাব্যের দুটি পালার নাম লেখো।
- (ঢ) শাক্তকবি রামপ্রসাদ সেনের রচিত দুটি কাব্যের নাম উল্লেখ করো।
- (ণ) 'সতীময়না' কার রচনা? কাব্যটির উৎস লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) কোন গ্রন্থটিকে বাংলা সাহিত্যের আদি নিদর্শন হিসেবে চিহ্নিত করা হয়? এই গ্রন্থে প্রকাশিত সমাজচিত্রের পরিচয় দাও।
- (খ) 'চৈতন্যভাগবত'-এর রচয়িতার নাম উল্লেখ করে কাব্যটির ঐতিহাসিক মূল্য বিচার করো।
- (গ) গোবিন্দদাসের কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) রামেশ্বর ভট্টাচার্য কোন ধারার কবি? সেই ধারায় তাঁর অবদান তুলে ধরো।
- (ঙ) বাংলা সাহিত্যের ইতিহাসে ময়মনসিংহ গীতিকার গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।
- (চ) ধর্মমঙ্গল কাব্যধারার একজন জনপ্রিয় কবির নাম উল্লেখ করে ওই কাব্যধারায় তাঁর অবদান আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) মহাভারতের বাংলা অনুবাদে কাশীরাম দাসের কৃতিত্ব আলোচনা করো।
- (খ) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের নাম উল্লেখ করে কাব্যটির বিশেষত্ব আলোচনা করো।
- (গ) কবি আলাওল কোন রাজসভার কবি ছিলেন? তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও।
- (ঘ) শাক্ত পদাবলির ধারায় কমলাকান্তের কবিপ্রতিভার মূল্যায়ন করো।